


# THE BENGAL LIBRARY ASSOCIATION

## বঙ্গীয় গ্রন্থাগার পরিষদ



General Office & Library: P-134, C.I.T. Scheme-52, Kolkata-700 014

তাং: ২৭.১০.২০২৪

### মালদহ জেলা শাখা

#### বিজ্ঞপ্তি

আগামী ১৫ই নভেম্বর, ২০২৪ (শুক্রবার) বেলা ১১-০০টায় মালদহ জেলার ইংরেজ বাজার মহকুমার 'অগ্নিশিখা ক্লাবে' বঙ্গীয় গ্রন্থাগার পরিষদের মালদহ জেলা শাখার বার্ষিক সাধারণ সভা (২০২৪-২০২৫ বর্ষ) অনুষ্ঠিত হবে। উক্ত সভায় আপনার/আপনাদের উপস্থিতি একান্ত কাম্য।

আলোচ্য বিষয়ঃ

- ১। পূর্বতন সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন
- ২। পরিষদের জেলা শাখার ২০২৪-২০২৬ বর্ষের কার্যকরী সমিতি ও কর্মকর্তা নির্বাচন
- ৩। বিবিধ



নমস্কারান্তে,

জয়দীপ চন্দ

(ড. জয়দীপ চন্দ)

কর্মসচিব

বঙ্গীয় গ্রন্থাগার পরিষদ

# THE BENGAL LIBRARY ASSOCIATION

## বঙ্গীয় গ্রন্থাগার পরিষদ



General Office & Library: P-134, C.I.T. Scheme-52, Kolkata-700 014

**পথনির্দেশঃ** সাধারণ সভার স্থান ‘অগ্নিশিখা ক্লাব’, গ্রাম - মানিকপুর, পোস্ট - মাদাপুর, থানা+ব্লক - ইংরেজ বাজার, জেলা - মালদহ। মানিকপুর মোড় থেকে টোটো ধরে সভাস্থলে পৌঁছানো যায়।

**কোন কোন পদের নির্বাচন ও এই সম্পর্কিত তথ্যঃ** ১ জন সভাপতি, ২ জন সহ-সভাপতি, ১ জন জেলা সম্পাদক, ১ জন সহ-সম্পাদক, ১ জন কোষাধ্যক্ষ এবং ৫ জন সদস্য। **বৈধ প্রার্থী ও ভোটদানের অধিকারী হতে গেলে** পরিষদের চাঁদা পরিশোধ থাকা চাই এবং ন্যূনতম একবছর মেয়াদী সদস্যপদ থাকা চাই। মনোনয়নপত্র বঙ্গীয় গ্রন্থাগার পরিষদের কেন্দ্রীয় কার্যালয় (পদপুকুর, কলকাতা-৭০০০১৪) থেকে আগামী ২৮.১০.২০২৪ - ০৪.১১.২০২৪ তারিখের মধ্যে দুপুর ২টো থেকে সন্ধ্যে ৭টা পর্যন্ত (রবিবার ও ছুটির দিন বাদে) ইচ্ছুক বৈধ সদস্যদের হাতে তুলে দেওয়া হবে। যথাযথভাবে পূরণ করা মনোনয়নপত্র একজন প্রস্তাবকের স্বাক্ষর সহ আগামী ০৪.১১.২০২৪ তারিখের মধ্যে পরিষদের কেন্দ্রীয় কার্যালয়ে সন্ধ্যে ৭টার মধ্যে জমা দিতে হবে। প্রস্তাবককে অবশ্যই পরিষদের বৈধ সদস্য হতে হবে। মনোনয়নপত্র পরীক্ষার তারিখ আগামী ৫ই নভেম্বর, ২০২৪ তারিখে বিকেল ৫টার সময়ে। মনোনয়নপত্র প্রত্যাহারের তারিখ আগামী ৬ই নভেম্বর, ২০২৪ তারিখ বিকাল ৫টার মধ্যে ও চূড়ান্ত প্রার্থী তালিকা প্রকাশ আগামী ৬ই নভেম্বর, ২০২৪ তারিখে রাত ৮টায়। চূড়ান্ত ভোটের তালিকা প্রকাশিত হবে আগামী ৭ই নভেম্বর, ২০২৪ তারিখে। বার্ষিক সাধারণ সভায় যোগদান এবং ভোটদানে ইচ্ছুক মেয়াদ উত্তীর্ণ সদস্যদের অবশ্যই আগামী ৪ঠা নভেম্বর, ২০২৪ তারিখের মধ্যে পরিষদের সদস্যপদ পুনর্নবীকরণ করতে হবে। বার্ষিক সাধারণ সভায় যোগদানের জন্য ইচ্ছুক প্রতিনিধিদের ১০০.০০ টাকা করে প্রতিনিধি ফি দিতে হবে। বার্ষিক সাধারণ সভার দিনে সভাস্থলে পরিষদের নতুন সদস্যপদ গ্রহণ ও সদস্যপদ নবীকরণ করা যাবে। এক্ষেত্রে দেয় চাঁদার পরিমাণঃ ব্যক্তিগত সদস্য → ১৫০.০০ টাকা জনপ্রতি; আজীবন সদস্য → ২০০০.০০ টাকা জনপ্রতি এবং প্রাতিষ্ঠানিক সদস্য → ৩০০.০০ টাকা জনপ্রতি। দুই বছরের জন্য সদস্যপদ নবীকরণ করা যাবে। তবে বার্ষিক সাধারণ সভার দিনে সদস্যপদ নবীকরণ করলেও ভোটদানের ক্ষেত্রে তা ধার্য করা হবে না। সভায় যোগদানের জন্য এই জেলার প্রত্যেক সদস্যকে পরিষদের পক্ষ থেকে সনির্বন্ধ অনুরোধ জানানো হচ্ছে।